বিভিন্ন প্রকার

দৈনিক সংবাদ

তারিখ 18 SEP 1992
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

37

# শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস হলে স্বীকৃতি প্রত্যাহার

## শিক্ষা মন্ত্রণালয়ের হুঁশিয়ারি

শিক্ষা মন্ত্রণালয় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করে সরকারী ও বেসরকারী কলেজে শিক্ষার যথাযথ পরিবেশ বজায় রাখতে বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছে। একটি উচ্চপর্যায়ের সরকারী সূত্রের বরাত দিয়ে বাসস গতকাল বৃহস্পতিবার এ খবর দিয়েছে। সূত্র জানায়, এসব ব্যবস্থার মধ্যে রয়েছে, যেসব সরকারী কলেজে শিক্ষার স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হবে কিংবা সন্ত্রাসের কারণে বন্ধ ঘোষণা করা হবে সরকার সেসব কলেজের স্বীকৃতি প্রত্যাহার ও সুযোগ–সুবিধা দেয়া বন্ধ করে দেবে। অন্যদিকে যেসব কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিরাজ করবে, তাদেরকে জাতীয়করণ করা হবে। কোন বেসরকারী কলেজে শিক্ষার কার্যক্রম বিঘ্নিত হলে কিংবা সন্ত্রাসের কারণে বন্ধ ঘোষণা করা হলে সরকার ওইসব কলেজে মঞ্জুরি প্রদান বন্ধ এবং সকল উন্নয়ন ও বর্ধিতকরণ কর্মসূচী স্থগিত করবে। এসব ব্যবস্থা অন্য সকল সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জন্যও প্রযোজ্য হবে। অন্যদিকে যেসব সরকারী ও বেসর–কারী শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি–শৃখংলা, যথাযথ শিক্ষার পরিবেশ ও ভাল রেজাল্ট থাকবে তাদেরকে মঞ্জুরি ও অন্যান্য সুযোগ–সুবিধা দেয়ার ব্যাপারে অগ্রাধিকার দেয়া হবে। সরকার শিক্ষার যথাযথ পরিবেশ বজায় রাখার জন্য সহযোগিতা করতে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, অভিভাবক, ছাত্র ও কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছে। সূত্র জানায়, সরকার সকল ছাত্র, বিশেষ করে গরীব ও মেধাবীদের জন্য শিক্ষার যথাযথ পরিবেশ বজায় রাখার জন্যই এসব ব্যবস্থা গ্রহণ করেছে। এসব ব্যবস্থা নেয়ার কারণ ব্যাখ্যা করতে গিয়ে সূত্র জানায়, আমাদের দেশ গরীব ও সম্পদের সীমাবদ্ধতা রয়েছে। দেশের একটা বিরাট অংশই নিরক্ষর। অন্যদিকে দেশের উন্নয়ন ও সমৃদ্ধি অর্জনের জন্য দরকার শিক্ষিত জনশক্তির। সূত্রটি জানায়, এ লক্ষ্যেই সরকার শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার ও সর্বোচ্চ বরাদ্দ দিয়েছে। শিক্ষিতের হার না বাড়লে দেশের কাঙ্ক্ষিত সমৃদ্ধি ও উন্নয়ন অর্জিত হবে না। সূত্র আরও জানায়, বাস্তব পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সরকার দেশের বৃহত্তর স্বার্থে শিক্ষার হার বাড়াতে শিক্ষা প্রতিষ্ঠান–গুলোতে কঠোর শৃংখলা বজায় রাখার ওপর গুরুত্ব দিয়েছে।